অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/25/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

ব্রুকলিন ও বাফেলোতে সহায়তামূলক আবাসন প্রকল্পের জন্য গভর্নর হোচুলের 12.6 মিলিয়ন ডলার বরাদ্দ দেয়ার ঘোষণা

73 ইউনিট স্থায়ী সহায়তামূলক আবাসন তৈরির জন্য গৃহহীনদের জন্য আবাসন ও সহায়তা কর্মসূচি (Homeless Housing and Assistance Program) তহবিল

ভেটেরান, মাদকদ্রব্য ব্যবহার সংক্রান্ত সমস্যা এবং গুরুতর মানসিক অসুস্থতা রয়েছে এমন ব্যক্তিদের জন্য এই প্রকল্পগুলো সহায়তামূলক পরিষেবা ও আবাসনের ক্ষেত্রে স্থিতিশীলতা প্রদান করবে

গভর্নর ক্যাথি হোচুল আজ ঘোষণা করেছেন যে গৃহহীনতা্র সম্মুখীন হওয়া নিউ ইয়র্কবাসীদের জন্য ব্রুকলিন ও বাফেলোতে স্থায়ী সহায়তামূলক আবাসন প্রদান করবে এমন প্রকল্পের জন্য 12.6 মিলিয়ন ডলারের স্টেট তহবিল বরাদ্দ করা হয়েছে। নিউ ইয়র্ক স্টেটের গৃহহীনদের জন্য আবাসন ও সহায়তা কর্মসূচির মাধ্যমে সমর্থিত এসব প্রকল্প ভেটেরান, মাদকদ্রব্য ব্যবহার সংক্রান্ত সমস্যার ইতিহাস রয়েছে এবং গুরুতর মানসিক অসুস্থতা রয়েছে এমন ব্যক্তিদের সেবা প্রদানের জন্য অতিরিক্ত 73 ইউনিট স্থায়ী সহায়তামূলক আবাসন সরবরাহ করবে।

"সকল নিউ ইয়র্কবাসীর একটি ভালো বাড়ির মাধ্যমে মর্যাদা ও নিরাপত্তা পাওয়ার অধিকার রয়েছে—বিশেষ করে যারা অরক্ষিত অবস্থায় রয়েছেন এবং সম্মানের সাথে আমাদের জাতির সেবা করেছেন এমন ব্যক্তিদের," **বলেছেন গভর্নর হোচুল।** "এই কর্মসূচির মাধ্যমে সমর্থিত আরো অন্যান্য প্রকল্পের মতোই এসব প্রকল্প এমন গুরুত্বপূর্ণ পরিষেবা সরবরাহ করবে যা গৃহহীনতার সম্মুখীন হওয়া ব্যক্তিরা আবাসনের অনিরাপত্তা থেকে বেরিয়ে আসার জন্য ব্যবহার করতে পারবেন। এখানে নিউ ইয়র্কে, আমরা একে অপরের খেয়াল রাখি এবং এসব প্রকল্প এই প্রতিশ্রুতিরই বহিঃপ্রকাশ।"

অনুমোদিত প্রকল্পগুলোর মধ্যে বাফেলোর ম্যানহাটন ভিলেজে 23.4 মিলিয়ন ডলারের একটি উন্নয়ন প্রকল্প অন্তর্ভুক্ত রয়েছে যেটি মাদকদ্রব্য ব্যবহার সংক্রান্ত সমস্যা অথবা গুরুতর মানসিক অসুস্থতা রয়েছে এমন ব্যক্তিদের জন্য 33 ইউনিট স্থায়ী সহায়তামূলক আবাসন সহ 66 ইউনিট সাশ্রয়ী আবাসন সরবরাহ করবে। বেস্ট-সেলফ বিহেভিয়ারাল হেলথ ইনক. (BestSelf Behavioral Health Inc.) এর উন্নয়নকৃত এই প্রকল্প গৃহহীনদের জন্য আবাসন ও সহায়তা কর্মসূচি থেকে 6.1 মিলিয়ন ডলার এবং এম্পায়ার স্টেট সহায়তামূলক আবাসন উদ্যোগের মাধ্যমে কার্যপরিচালনার খরচ পাবে।

এছাড়াও ব্রুকলিনে 39.6 মিলিয়ন ডলার ব্যয়ে 66-ইউনিটের একটি উন্নয়ন প্রকল্প অনুমোদিত হয়েছে যা গুরুতর মানসিক অসুস্থতা রয়েছে এমন ব্যক্তি ও ভেটেরানদের জন্য 40 ইউনিট সহায়তামূলক আবাসন সরবরাহ করবে। কনসার্ন ফর ইন্ডিপেন্ডেন্ট লিভিং, ইনক (Concern for Independent Living, Inc) কর্তৃক উন্নয়নকৃত এই প্রকল্পে 40 ইউনিট স্থায়ী সহায়তামূলক আবাসন অন্তর্ভুক্ত রয়েছে এবং প্রকল্পটি গৃহহীনদের জন্য আবাসন ও সহায়তা কর্মসূচি এবং সহায়তা কর্মসূচি থেকে 6.4 মিলিয়ন ডলার এবং এম্পায়ার স্টেট সহায়ক আবাসন উদ্যোগের মাধ্যমে কার্যপরিচালনার ব্যয় পাবে।

স্টেটের অস্থায়ী ও অক্ষমতা সংক্রান্ত সহায়তা বিষয়ক দপ্তর (Office of Temporary and Disability Assistance) দ্বারা পরিচালিত গৃহহীনদের জন্য আবাসন ও সহায়তা কর্মসূচি সহায়তামূলক আবাসন ইউনিট নির্মাণের অথবা জরুরি আশ্রয়কেন্দ্র মেরামতের প্রস্তাব করা প্রকল্পসমূহের জন্য 128 মিলিয়ন ডলারের মূলধন তহবিলের ব্যবস্থা করেছে। এবছর এখন পর্যন্ত এই কর্মসূচি স্টেটজুড়ে 213 ইউনিট সহায়তামূলক আবাসন তৈরি বা সংরক্ষণ করবে এবং জরুরি আশ্রয়কেন্দ্র মেরামত করবে এমন আটটি প্রকল্পের জন্য প্রায় 25 মিলিয়ন ডলার বরাদ্দ করেছে। গত বছরে, কর্মসূচিটি 30 টি প্রকল্পকে অর্থায়ন প্রদান করেছিল যা সহায়ক আবাসনের 881 টি ইউনিট যোগ করবে এবং জরুরি আশ্রয়গুলিকে মেরামত করবে।

গৃহহীনদের আবাসন সহায়তা কর্মসূচিটি লাভের উদ্দেশ্যহীন কর্পোরেশন, দাতব্য ও ধর্মীয় সংগঠন ও পৌরসভাগুলিকে সেই সকল মানুষের জন্য বাসস্থান অর্জন, নির্মাণ করতে বা পুনর্বাসন দিতে মূলধনী অনুদান ও ঋণ প্রদান করে যারা বিশেষ সহায়তা ছাড়া পর্যাপ্ত বাসস্থান পেতে অক্ষম। OTDA কর্মীদের দ্বারা পরিচালিত একটি পাবলিক বেনিফিট কর্পোরেশন, নিউ ইয়র্ক স্টেট হোমলেস হাউজিং অ্যান্ড অ্যাসিস্ট্যান্স কর্পোরেশন (New York State Homeless Housing and Assistance Corporation) কর্তৃক একটি প্রতিযোগিতামূলক প্রক্রিয়ার মধ্য দিয়ে এই তহবিল প্রদান করা হয়েছে।

এই কর্মসূচির মাধ্যমে নিউ ইয়র্ক স্টেট সহায়ক আবাসনের উন্নয়নের লক্ষ্যে $1.2 বিলিয়ন ডলারের বেশি বরাদ্দ করেছে। কর্মসূচিটি গৃহহীনতায় ভোগা ব্যক্তি ও পরিবারগুলিকে সহায়তা করার জন্য মোট 22,000 টির বেশি বাসস্থানের ইউনিট তৈরি করেছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন